দৈনিক সংবাদ

তারিখ ..0 6 NOV 1992
পৃষ্ঠা... ৫ ... কলাম... ৫ ...

22



বগুড়া : জাতীয় বহুভাষী সাঁটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমির নির্মাণাধীন ভবনসমূহ। —সংবাদ

# বগুড়া সাঁটলিপি একাডেমির উন্নয়ন কাজ শেষ হয়েছে

বগুড়া, ৫ই নভেম্বর (জেলা বার্তা পরিবেশক)।— বগুড়াতে প্রতিষ্ঠিত জাতীয় বহুভাষী সাঁটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমিতে ৫ কোটি টাকা ব্যয়ে বিভিন্ন ধরনের উন্নয়ন কাজ প্রায় শেষ হয়েছে।

চতুর্থ পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনার আওতায় এই আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠানটির বিভিন্ন ধরনের উন্নয়ন পরিকল্পনার মধ্যে আছে ১ কোটি ১৮ লাখ ৪৩ হাজার টাকা ব্যয়ে প্রশাসনিক ও প্রশিক্ষণ ভবন, ৬২ লাখ ২৭ হাজার টাকা ব্যয়ে ২শ' আসনের ৪ তলা দু'টি ছাত্রাবাস, ১৩ লাখ ৩০ হাজার টাকা ব্যয়ে ছাত্রীনিবাস, ১৮ লাখ ৯১ হাজার টাকা ব্যয়ে তিনতলা অফিসার্স হোস্টেল, ১০ লাখ ৮৮ হাজার টাকা ব্যয়ে আন্তর্জাতিক মানের ২শ' আসনের ক্যাফেটেরিয়া ও মিলনায়তন। বাদবাকি টাকা যেসব উন্নয়ন খাতে ব্যয় করা হবে সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য হল পরিবহন, প্রশিক্ষণ, গবেষণা, আসবাবপত্র, প্রকাশনা, যন্ত্রপাতি ক্রয়, বইপত্র ক্রয় ইত্যাদি।

বহুভাষী সাঁটলিপি ও দফতর বিজ্ঞানের ওপর গবেষণামূলক দেশের একমাত্র এ জাতীয় প্রতিষ্ঠানটির বড় ধরনের উন্নয়ন কাজ শুরু হয় চলতি বছরে এপ্রিলের শেষে। বিগত ৫ মাসে এই প্রতিষ্ঠানটির শতকরা ৯৬ ভাগ কাজ শেষ হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন এই প্রতিষ্ঠানে শিক্ষা দেয়া হয় একই আঁচড়ে বাংলা, ইংরেজী, আরবী ও হিন্দি। দফতর বিজ্ঞান ও সাঁটলিপির ওপর শিক্ষক ও প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাদের বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণও দেয়া হয় প্রতিবছর। উচ্চ মাধ্যমিক সমমানের ডিপ্লোমা-ইন-কমার্সসহ বিভিন্ন সার্টিফিকেট কোর্সে উল্লেখযোগ্যসংখ্যক প্রশিক্ষণার্থীরা সাঁটলিপি ও দফতর বিজ্ঞানের ওপর প্রতিবছর বিশেষ ধরনের প্রশিক্ষণ নেয় এই একাডেমি থেকে।